কানাইঘাটে প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্সের শিশু বীমার মেয়াদ পুর্তিতে চেক প্রদান অনুষ্ঠান

কানাইঘাট প্রতিনিধি::

প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডের কানাইঘাট সাংগঠনিক অফিসের উদ্যোগে কানাইঘাট থানার সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল আহাদের মেয়ে নুজহাত তাবাছ্ছুম এর শিশু বিমার মেয়াদ পূর্তিতে বীমা গ্রাহকের চেক প্রদান করা হয়েছে। আজ শনিবার বিকাল ৩ টায় ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডের কানাইঘাট সাংগঠনিক অফিসে আনুষ্ঠানিক ভাবে উক্ত বীমার চেক প্রদান করা হয়।
কানাইঘাট সাংগঠনিক অফিসের ইন্চার্জ ডাঃ আ ফ ম মঈনুল ইসলামের সভাপতিত্বে ও অফিসের ফাইনানসিয়েল এসোসিয়েট মোস্তাক আহমদের পরিচালনায় উক্ত চেক বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড সিলেট কর্পোরেট জোন ইন্চার্জ মোঃ হুমায়ুন কবির। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কানাইঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম পিপিএম ও কানাইঘাট থানার সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল আহাদ । এতে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিলেট জোন ২ ও মৌলভীবাজার জোনের ইভিপি জায়নুল আলম, জেইভিপি ও ইন্চার্জ জোন ২ মাওলানা শামসুল হুদা মাসুক, এসভিপি (পিআরটি) সিলেট জোন ২ মাওলানা হিলাল আহমদ।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন বীরদল এনএম একাডেমীর প্রধান শিক্ষক মাহবুবুল হক, কানাইঘাট থানার সেকেন্ড অফিসার সুহেল আহমদ, সড়কের বাজার সানরাইজ বহুমুখি সমবায় সমিতির সভাপতি মাষ্টার মখলিছুর রহমান, লন্তিরমাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আজিজুল হক, ধনমাইরমাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিম উদ্দিন, উপর ঝিংগাবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম কিবরিয়া চৌধুরী, পূর্ব গ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকা আয়শা বেগম,সদস্য আব্দুর রহমান জীবন, কানাইঘাট সাংগঠনিক অফিসের বিএম জোবায়ের আহমদ, ই্উএম মঈন উদ্দিন প্রমূখ ।

অনুষ্ঠানে কানাইঘাট থানার সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল আহাদের হাতে তার মেয়ে নুজহাত তাবাছ্ছুম এর শিশু বিমার মেয়াদ পূর্তিতে ৪ লক্ষ ১১ হাজার, ৫ শত ৪৯ হাজার টাকার চেক তুলে দেন অতিথিবৃন্দ।